UK Health Security Agency

NHS

# ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশন [মূত্রনালির সংক্রমণ] (UTI): এর উপসর্গগুলো সম্পর্কে জানুন

## বয়স্ক ব্যক্তিদের জন্য তথ্য

# UTI [মূত্রনালির সংক্রমণ] কী?

**ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশন [মূত্রনালির সংক্রমণ](UTIs)** হলো এমন একটি সংক্রমণ, যা আপনার মূত্রতন্ত্রের বিভিন্ন অংশ—যেমন মূত্রথলি, মূত্রনালী বা কিডনিকে আক্রান্ত করতে পারে। কিছু ক্ষেত্রে, UTI মারাত্মক আকার ধারণ করতে পারে, যার ফলে রোগী গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়তে পারেন এবং হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন হতে পারে।

## UTI [মূত্রনালির সংক্রমণ] হলে আপনি নিম্নলিখিত কিছু উপসর্গ অনুভব করতে পারেন:

- **স্বাভাবিকের তুলনায় বেশি ঘন ঘন, হঠাৎ বা অধিকতর জরুরিভাবে** প্রস্রাবের বেগ অনুভব করা।
- **প্রস্রাব করার সময় ব্যথা বা** জ্বালাপোড়া অনুভব হওয়া।
- **রাতে স্বাভাবিকের চেয়ে বেশি ঘন ঘন** প্রস্রাব করার প্রয়োজন হওয়া।
- তলপেটে **নতুন করে ব্যথা অনুভব হওয়া।**
- **নতুন করে প্রস্রাব ধরে রাখতে না পারা বা কাপড় ভিজিয়ে ফেলা, যা স্বাভাবিক অবস্থার চেয়ে খারাপ।**
- **কিডনিতে ব্যথা** বা পিঠের নিচের অংশে ব্যথা হওয়া।
- প্রস্রাবের সাথে **রক্ত যাওয়া।**
- **আচরণে পরিবর্তন দেখা দেওয়া,** যেমন অস্থিরতা প্রকাশ করা বা বিভ্রান্ত হয়ে পড়া (ডিলিরিয়াম বা প্রলাপ বকা)।
  এটি ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশন [মূত্রনালির সংক্রমণ] (UTI)-এর লক্ষণ হতে পারে, তবে অন্যান্য সম্ভাব্য কারণও এর জন্য দায়ী হতে পারে। তাই সেসব কারণ পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে নিশ্চিতভাবে বাদ দেওয়া প্রয়োজন।
- **সংক্রমণের সাধারণ লক্ষণসমূহ,** যেমন - জ্বর, উচ্চ তাপমাত্রা বা শরীর গরম হওয়া এবং কাঁপুনি (রিগর) বা ঠাণ্ডা লাগার সাথে শিউরে ওঠা।
- **শরীরের তাপমাত্রা অস্বাভাবিকভাবে কমে যাওয়া -** ৩৬° সেলসিয়াসের নিচে।

আপনার যদি ইউরিনারি ক্যাথেটার [urinary catheter] লাগানো থাকে, **তবে আপনি এই লক্ষণগুলোর মধ্যে কম সংখ্যক লক্ষণ অনুভব করতে পারেন।**

## আপনার যদি মনে হয় যে, আপনার UTI [মূত্রনালির সংক্রমণ] হয়েছে, তাহলে কী করবেন?

শরীরে পানিশূন্যতা [ডিহাইড্রেশন] রোধ **করার জন্য নিয়মিত যথেষ্ট পরিমাণ পানি ও অন্যান্য তরল পান করুন।**

**একজন স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে যোগাযোগ করুন:** এটি আপনার **জিপি [GP], নার্স [Nurse], কমিউনিটি ফার্মাসিস্ট [community pharmacist], কোনো ওয়াক-ইন সেন্টার [walk-in centre]** বা **এনএইচএস [NHS] 111 সেবা হতে পারে।**